বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৫৩

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার পদে জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ এর যোগদান প্রসঙ্গে।**

অদ্য ৩১ জুলাই ২০২৫ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার হিসেবে জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ যোগদান করেছেন। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ২৯/০৭/২০২৫ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর-৫৩.০০.০০০০.৪২১.১১.০০১.১৮-৭৬ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(২) অনুসারে জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ-কে চার বছর মেয়াদের জন্য বিএসইসি এর কমিশনার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

অদ্য ৩১ জুলাই ২০২৫ তারিখে কমিশন সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান-কমিশনারবৃন্দ ও বিএসইসির শীর্ষ কর্মকর্তাবৃন্দ উপস্থিতিতে কমিশনার জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ-কে ফুলেল শুভেচ্ছার মাধ্যমে স্বাগত জানান বিএসইসির চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। এসময় স্বাগত বক্তব্য রাখেন বিএসইসির চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ। বিএসইসির চেয়ারম্যান মহোদয় স্বাগত বক্তব্যে নতুন কমিশনার মহোদয়কে স্বাগত জানান এবং নবাগত কমিশনার মহোদয়ের পুঁজিবাজার সংশ্লিষ্ট বাস্তব অভিজ্ঞতা ও দক্ষতা বিএসইসি ও পুঁজিবাজারের জন্য ভালো ফলাফল বয়ে আনবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।

এসময় কমিশনার জনাব মোঃ সাইফুদ্দিন, সিএফএ কমিশনকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের কল্যাণের স্বার্থে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি আগামীতে পুঁজিবাজার ও বাজার কাঠামোসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ইতিবাচক সংস্কারের উপর গুরুত্বারোপ করেন। একইসাথে সকলে মিলে যৌথ উদ্যোগে পেশাদারিত্বের সাথে কাজ করার কথা বলেন তিনি। তিনি বিএসইসির কার্যক্রমকে বিনিয়োগকারীসহ অন্যান্য অংশীজনের কাছে ইতিবাচকভাবে উপস্থাপনের উপর জোর দেন।

এসময় উপস্থিত সকলের সাথে পরিচিতিপর্ব অনুষ্ঠিত হয় এবং সকলে নবাগত কমিশনার মহোদয়কে স্বাগত জানান।

উল্লেখ্য, মোঃ সাইফুদ্দিন দেশের অন্যতম শীর্ষ ব্রোকার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ২০০১ সালে আইডিএলসি ফাইন্যান্সে কর্মজীবন শুরু করেন। তিনি ২০০৯ সাল থেকে আইডিএলসি ফাইন্যান্সের সহযোগী প্রতিষ্ঠান আইডিএলসি সিকিউরিটিজের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি ডিএসই ব্রোকার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। মোঃ সাইফুদ্দিন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করেছেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) থেকে তিনি এমবিএ ডিগ্রি অর্জন করেন। তিনি একজন চার্টার্ড ফিন্যান্সিয়াল অ্যানালিস্ট (সিএফএ)। তিনি সিএফএ সোসাইটি বাংলাদেশ এর একজন সদস্য।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

৩১/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

